

রপ্তানি উন্নয়ন ব্যুরো EXPORT PROMOTION BUREAU



নং-২৬.০২.০০০০.৫৮.০৩৮.৩৮৭.১৮-১৩৩৭

তারিখঃ আগস্ট ০১, ২০১৮

বিষয়ঃ আগামী ফেব্রুয়ারী ০৮-১২, ২০১৯ সময়ে জার্মানীর Frankfurt এ অনুষ্ঠিতব্য Frankfurt International Trade Fair (Ambiente) শীর্ষক মেলায় অংশগ্রহণ সংক্রান্তে বিজ্ঞপ্তি।


উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানাচ্ছি যাচ্ছে যে, আগামী ফেব্রুয়ারী ০৮-১২, ২০১৯ সময়ে জার্মানীর Frankfurt এ অনুষ্ঠিতব্য Frankfurt International Trade Fair (Ambiente) শীর্ষক মেলায় অংশগ্রহণের লক্ষ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো কার্যক্রম গ্রহণ করেছে। উক্ত মেলার প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপঃ

01.	Name of the fair	:	Frankfurt International Trade Fair (Ambiente), Frankfurt, Germany
02.	Duration	:	08-12 February, 2019
03.	Venue	:	Messe Frankfurt
04.	Stand Size and Location (furnished Stand)	:	Hall#9.3 , Stand# E62, Space: 94.5 Sqm. (03 sides open)

০২। প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনাপূর্বক মেলার অংশগ্রহণ ফি টাঃ ৪,৩৬,০৫১.০০ (টাকা চার লক্ষ ছত্রিশ হাজার নয়শত একান্ন) মাত্র নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য, রপ্তানি উন্নয়ন ব্যুরোর নতুন অংশগ্রহণ ফি নীতিমালা অনুযায়ী সহযোগিতার অংশ আপনার প্রতিষ্ঠানের সক্ষমতার ভিত্তিতে নির্ধারণ করা হবে।

০৩। এমতাবস্থায়, উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত আবেদনপত্র পূরণপূর্বক আগামী ২৪-০৯- ২০১৮ তারিখের মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোর মেলা বিভাগে দাখিলের জন্য এতদ্বারা অনুরোধ জানানো যাচ্ছে। আবেদন পত্র এবং রশিদ ব্যুরোর ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে (www.epb.gov.bd)। পূরণকৃত আবেদন পত্রের সাথে ট্রেড লাইসেন্স, ইআরসি, আয়কর ও ভ্যাট সনদ, সর্বশেষ অর্থবছরের পিআরসি, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্ট সাইজ ছবি, অন্যান্য দেশ ভ্রমণের সমর্থনে ভিসার কপি অবশ্যই দাখিল করতে হবে।

০৪। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি'র উপর দায়দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেওয়া হবে।


(আবু মোখলেছ আলমগীর হোসেন)
উপ পরিচালক

টেলি: +৮৮০২-৮১৮০০৮৮

ইমেইল: amahepb75@gmail.com

অনুলিপি :

১. সংশ্লিষ্ট সকল সংস্থা / ট্রেড এসোসিয়েশন।

২. সংশ্লিষ্ট সকল আগ্রহী প্রতিষ্ঠান।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

০১। সহকারী পরিচালক, ভাইস-চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। পি এ টু, মহাপরিচালক-১, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।